

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে হাদীস, হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, উটের গোসত খেলে ওয়ূ করা ওয়াজিব নয়

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْوُضُوءَ مِنْ لُحُومِ الْإِبِلِ إِذَا أُكلت غَيْرُ وَاجِبِ

আরবী

1126 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ النَّضْرِ الْخُلْقَانِيُّ بِمَرْقَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ مَنْصُورٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ مَنْصُورٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ أَبِي هِنْدٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ عَلَى قِدْرٍ فَانْتَشَلَ مَنْهَا عَظْمًا فَأَكَلَهُ ثُمَّ صَلَّى ولم يتوضأ.

الراوي: ابن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1126 | خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِم: قَوْلُ ابْنِ عَبَّاسِ فَأَكَلَهُ أَرَادَ بِهِ: اللَّحْمَ الَّذِي عَلَى الْعَظْم لَا العظم نفسه.

বাংলা

১১২৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার এক হাড়ির পাশ দিয়ে অতিক্রম করেন অতঃপর তিনি সেখান থেকে একটি হাডিড উঠিয়ে নেন অতঃপর তিনি তা খান, তারপর তিনি সালাত আদায় করেন কিন্তু তিনি ওয়ু করেননি।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য "অতঃপর তিনি তা খান" এর দ্বারা উদ্দেশ্য হলো হাড়ের উপর যে মাংস আছে, তা খান; খোদ হাডিড খাননি।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ১/২৫৪; সহীহ বুখারী: ৫৪০৫; তাবারানী: ১১৫০৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৭; ইবনু জারুদ: ২২; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯; তাহাবী: ১/৬৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৩৭; আবূ দাউদ: ১৯০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৮৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন